

বিমান বন্দরে আরটি পিসিআর ল্যাব স্থাপনের সাইট পরিদর্শনে প্রবাসী কল্যাণ মন্ত্রী এবং সচিব

প্রেস রিলিজ

ঢাকা- ১৮ সেপ্টেম্বর ২০২১ (শনিবার)

ঢাকাস্থ বিমান বন্দরে আরটি পিসি আর ল্যাব স্থাপনের সাইট পরিদর্শন করেছেন প্রবাসী কল্যাণ মন্ত্রী ইমরান আহমদ এমপি এবং মন্ত্রণালয়ের সচিব ড. আহমেদ মুনিরুছ সালেহীন।

আজ বিকাল ৪টায় প্রবাসী কল্যাণ মন্ত্রী এবং সচিব হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের কার পার্কিং ইয়ার্ড-এ বিদেশগামী কর্মীদের করোনা পরীক্ষার জন্য আরটি পিসি আর ল্যাব স্থাপনের সাইট পরিদর্শন করেছেন।

উক্ত সাইট পরিদর্শনের সময় সিভিল অ্যাভিয়েশনের চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান এবং জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক মোঃ শহীদুল আলম এনডিসি উপস্থিত ছিলেন।

এসময় সিভিল এভিয়েশন এর চেয়ার আশ্বস্ত করেন, আগামী ৩/৪ দিনের মধ্যে ল্যাব স্থাপনসহ আরটি পিসিআর কার্যক্রম শুরু হবে।

তিনি আরো জানান, ল্যাব স্থাপনের জন্য নির্বাচিত একটি ডায়গনোস্টিক সেন্টার নির্ধারিত স্থানে মোবাইল ল্যাব স্থাপন করে শীঘ্রই করোনা পরীক্ষা শুরু করবে।

এরপর তাঁরা বিমানবন্দরে স্থাপিত প্রবাসী কল্যাণ ডেস্ক পরিদর্শন ও প্রবাসী কর্মীদের জন্য প্রদেয় সেবা কার্যক্রম তদারকি করেন এবং মুজিব কণ্ঠার পরিদর্শন করেন।

মোহাম্মদ রাশেদুজ্জামান

মন্ত্রীর সহকারী একান্ত সচিব

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।